

সপ্তদশ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (১৭শ বিজেএস) পরীক্ষা, ২০২৪  
প্রাথমিক পরীক্ষার (Preliminary Examination) বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৭শ বিজেএস পরীক্ষা, ২০২৪-এর প্রাথমিক পরীক্ষা আগামী ০৪/০৫/২০২৪ খ্রিঃ শনিবার ঢাকাস্থ নিম্ন বর্ণিত ৩টি কেন্দ্রে সকাল ১১:০০ ঘটিকা থেকে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হবে :

পরীক্ষার্থীদের রোল নম্বর ভিত্তিক কেন্দ্র বিন্যাস :

রোল নম্বর	সংখ্যা	কেন্দ্রের নাম
১০০১ থেকে ৩৫০০ পর্যন্ত	২৫০০ জন	সিদ্ধেশ্বরী গার্লস কলেজ, ১৪৮, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
৩৫০১ থেকে ৫৩০০ পর্যন্ত	১৮০০ জন	সিদ্ধেশ্বরী কলেজ, ২৫, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, মগবাজার, ঢাকা-১২১৭
৫৩০১ থেকে ৮৩১০ পর্যন্ত	৩০১০ জন	উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ, ৮৫, কাকরাইল, রমনা, ঢাকা-১০০০

পরীক্ষার্থীদের কক্ষ নম্বর ও আসন বিন্যাস সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের নোটিশ বোর্ড ও কমিশনের ওয়েবসাইটে আগামী ০২/০৫/২০২৪ খ্রিঃ তারিখে প্রদর্শন করা হবে। পরীক্ষার্থীগণ উক্ত সময় নিজেদের আসন বিন্যাস জেনে নিতে পারবেন।

২। পরীক্ষার্থীগণের করণীয় :

তারিখ ও দিন	সময় (সকাল)	পরীক্ষার্থীগণের করণীয়
০৪/০৫/২০২৪ খ্রিঃ শনিবার	১০:১৫	পরীক্ষার্থীগণ কর্তৃক সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রে প্রবেশ।
	১০:৫৫	পরীক্ষার্থীগণকে প্রশ্নপত্রসহ এমসিকিউ (MCQ) উত্তরপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীগণ নিয়মাবলি অনুযায়ী উত্তরপত্রের সংশ্লিষ্ট অংশ পূরণ করবেন। নিয়মাবলি সংশ্লিষ্ট PDF ফাইল ও ভিডিও ক্লিপ কমিশনের ওয়েবসাইটে থেকে দেখে নেওয়ার জন্য অনুরোধ করা হলো। সকাল ১০.৫৫ ঘটিকার পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবে না।
	১১:১০	প্রত্যেক পরীক্ষার্থী হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। তারা স্ব-স্ব টেবিলের উপর প্রবেশপত্র খুলে রাখবেন। এ সময় প্রবেশপত্রের ছবির সঙ্গে পরীক্ষার্থীগণের হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে।
	১১:৫০	পরীক্ষা সমাপ্ত হওয়ার সতর্কীকরণ ঘণ্টা বাজবে।
	দুপুর ১২:০০	সমাপনী ঘণ্টা বাজার সাথে সাথে পরীক্ষা শেষ হবে। পরীক্ষার্থীগণ স্ব-স্ব আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র গণনা করে বুঝে নেওয়ার পর পরীক্ষার্থীগণ নিজ নিজ আসন ও কক্ষ ত্যাগ করবেন।

৩। পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি :

- প্রাথমিক পরীক্ষা MCQ পদ্ধতিতে গ্রহণ করা হবে। কালো কালির বলপেন দ্বারা OMR Sheet এর বৃত্ত ভরাট করতে হবে।
- প্রশ্নপত্রে ক্রমানুসারে এক থেকে একশতটি প্রশ্ন না থাকলে কিংবা OMR এর উপর ১০ (দশ) অংকের Set Code এর সাথে প্রশ্নপত্রে উল্লিখিত Set Code না মিললে তৎক্ষণাত্ উত্তর প্রদান শুরু পূর্বেই প্রশ্নপত্রটি পরিবর্তন করে নিতে হবে।
- বৃত্তগুলো এমনভাবে ভরাট করতে হবে যেন ভিতরের লেখাটি দেখা না যায়।
- উত্তরপত্রের নির্দিষ্ট স্থানে কালো কালির বলপেন দ্বারা প্রবেশপত্র অনুযায়ী পরীক্ষার্থীর নাম ও রোল নম্বর লিখতে, স্বাক্ষর প্রদান ও নির্দিষ্ট বৃত্তসমূহ ভরাট করতে হবে। অন্যথায় উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।
- উত্তর প্রদান শুরু করার আগে পরীক্ষার্থীকে প্রশ্নপত্রের সাথে সংযুক্ত উত্তরপত্র (OMR Sheet) টি নিজ দায়িত্বে সাবধানতার সাথে আলাদা করে নিতে হবে। এক্ষেত্রে সচেতন থাকতে হবে যেন উত্তরপত্র (OMR) কোনোভাবেই ছিড়ে না যায় কিংবা ভাজ বা বিকৃত না হয়। অনুরূপ করা হলে উত্তরপত্র বাতিল হবে।
- প্রতিটি সঠিক উত্তরের জন্য ১ নম্বর প্রদান করা হবে এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে।
- পরীক্ষা কেন্দ্রে ব্যাগ, মানি ব্যাগ/ওয়ালেট, বই, ক্যালকুলেটর, ইলেকট্রনিক/হাত ঘড়ি, মোবাইল ফোন এবং তথ্য আদান-প্রদানে ব্যবহারযোগ্য অন্য কোনো ধরনের ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। এই দফার নির্দেশনা অমান্য করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণে বারিত করা হবে।
- পরীক্ষার্থীগণকে প্রবেশপত্রে উল্লিখিত নির্দেশাবলি মনযোগ সহকারে পড়া ও যথাযথভাবে অনুসরণ করার পরামর্শ দেওয়া যাচ্ছে।
- প্রবেশপত্রের ছবির সঙ্গে হাজিরা তালিকার ছবির মিল না থাকলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না।
- সকাল ১০.৫৫ ঘটিকায় পরীক্ষা শুরু হওয়ার পর থেকে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোনো পরীক্ষার্থীই পরীক্ষা হল/কক্ষ ত্যাগ করতে পারবেন না।

স্বাক্ষরিত

(শরীফ এ এম রেজা জাকের)

পরীক্ষা নিয়ন্ত্রক (জেলা ও দায়রা জজ)

টেলিফোনঃ ০২-৪১০৫২২২১

ই-মেইল : secretary10bjsc@gmail.com